৬২৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ SEP. 6 1999
পৃঃ ৪ কলাম ৬

# রাজশাহীতে স্কুল শিক্ষক নিয়োগে অনিয়ম ॥ তদন্ত দাবি

স্টাফ রিপোর্টার ॥ রাজশাহীর বাঘা উচ্চবিদ্যালয়ে একজন স্কুল শিক্ষক নিয়োগের ঘটনা নিয়ে উত্তপ্ত অবস্থা বিরাজ করছে। প্রতিদিনই সেখানে মিছিল হচ্ছে। আশংকা করা হচ্ছে সহিংস ঘটনার।

অভিযোগ রয়েছে, বাঘা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মোকাদ্দেস আলী স্কুলের এক শিক্ষকের স্ত্রীকে অবৈধভাবে নিয়োগ দিয়েছেন। বিদ্যালয়ে একজন ইংরেজি শিক্ষক নিয়োগের বিজ্ঞাপন দিয়েও ভাল ইংরেজি না জানা এক মহিলাকে নিয়োগ দেয়া হয়েছে। শিক্ষক নিয়োগে অবৈধ পন্থা অবলম্বনের সঙ্গে সঙ্গে প্রধান শিক্ষকের বিরুদ্ধে অর্থ আত্মসাতেরও অভিযোগ আনা হয়েছে। অভিযোগ রয়েছে এসএসসি পরীক্ষায় নকল করার সুযোগ দেয়ার নাম করে তিনি ছাত্রদের কাছ থেকে চিঠি দিয়ে অবৈধ ভাবে অর্থ আদায় করেছেন। এ ছাড়া তিনি আত্মসাত করেছেন বিদ্যালয়ের উন্নয়নের জন্য পাওয়া গমের অংশ বিশেষ। উন্নয়নের নামে বিদ্যালয়ের সঙ্গে দোকান নির্মাণ করে লেখাপড়ার পরিবেশ নষ্ট করা হয়েছে। এ ধরনের নানান অভিযোগ নিয়ে এলাকায় উত্তপ্ত অবস্থা বিরাজ করছে। এলাকাবাসী শিক্ষামন্ত্রণালয়ে লিখিত ভাবে এসব অভিযোগ করেছেন। পুরো বিষয়টি তদন্তের জন্য সরকারী নির্দেশ হয়েছে। কিন্তু তদন্ত এগোয়নি। এলাকাবাসীর দাবি, পুরো বিষয়টি তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হোক।